

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বিআরপিডি সার্কুলার নং-০৫

২১ জুলাই, ২০০৪ইং ।
তারিখ : -----
৬ শ্রাবণ, ১৪১১ বাং ।

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

৳ৱসKmg#ni bM` Rgv msi ৱY (CRR) c#t#½ |

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ৬ সেপ্টেম্বর, ১৯৯৮ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১২ এবং ২০ সেপ্টেম্বর, ১৯৯৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১২ এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২. বর্তমান বিধান অনুযায়ী ব্যাংকসমূহের বিধিবদ্ধ নগদ জমা সংরক্ষণের (CRR) পরিমাণ কোন মাসের সবকটি বৃহস্পতিবারের গড় দায়ের (আন্তঃব্যাংক দায় ব্যতীত) ভিত্তিতে নির্ধারণ করা হয় এবং ব্যাংকসমূহকে পরবর্তী দ্বিতীয় মাসের প্রতিদিন নির্ধারিত গড় দায়ের ৪% হারে বাংলাদেশ ব্যাংকে বিধিবদ্ধ নগদ জমা (CRR) হিসাবে সংরক্ষণ করতে হয় ।

০৩. বিষয়টি সামগ্রিকভাবে পর্যালোচনার পর এমর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে এখন হতে ব্যাংকসমূহ দ্বিসাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক ৪% হারে নগদ জমা সংরক্ষণ করতে পারবে এ শর্তে যে, কোন দিনই এই সংরক্ষণের পরিমাণ ৩% এর কম হবে না । নগদ জমা সংরক্ষণ সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকবে ।
এব্যবস্থা ১ আগস্ট, ২০০৪ হতে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-
(নব গোপাল বণিক)
মহাব্যবস্থাপক
ফোন-৭১১৭৮২৫